গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমাই, কুমিল্লা

স্মারক নং-০৫.৫৪৯.০১৮.০৫.০০.০০৪.২০২৩- ১৮৭

তারিখঃ ০৮/০২/২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা জেলার লালমাই উপজেলাধীন নিম্নে বর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহে গ্রামপুলিশগণের (দফাদার ও মহল্লাদার) শূন্যপদে সরাসরি নিয়োগের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্য পদ | ওয়ার্ড নম্বর | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা | শরীরিক যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০১ | বাগমারা (উ:) | দফাদার | -- | -- | সরাসরি নিয়োগের মাধ্যমে | খ) মহল্লাদার পদে সরসরি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:** (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি **মহিলা প্রার্থীর ক্ষেত্রে:** (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি | দফাদার- সরকারী ও ইউপি অংশ (৩৫০০+৩৫০০) মহল্লাদার- সরকারি অংশ ও ইউ,পি অংশ (৩২৫০+৩২৫০) |
| | | মহল্লাদার | ১ | ৮ | | | | |
| ০২ | বাগমারা (দ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ৪ | ২,৩,৫,৬ | | | | |
| ০৩ | ভুলইন (উ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ৪ | ৩,৪,৫,৯ | | | | |
| ০৪ | ভুলইন (দ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ৪ | ২,৩,৬,৮ | | | | |
| ০৫ | পেরুল (উ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ০১ | ৭ | | | | |
| ০৬ | পেরুল (দ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ০৫ | ১,৪,৬,৮,৯ | | | | |
| ০৭ | বেলঘর (উ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ০৩ | ৫,৭,৯ | | | | |
| ০৮ | বেলঘর (দ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ১ | ৪ | | | | |
| ০৯ | বাকই (উ:) | দফাদার | -- | -- | | | | |
| | | মহল্লাদার | ২ | ১,৫ | | | | |

**শর্তাবলী:**

১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা বরাবর আগামী ০৬ /০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন (বিকাল ৪.০০টার মধ্যে ডাকযোগে সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। একজন প্রার্থী একাধিক ওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন না।

২। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত : (ক) প্রার্থীর নাম ও মোবাইল নম্বর, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ (জ) ২০/০২/২০২৪ খ্রি. তারিখে বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) ধর্ম, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে), (ড) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে।

৩।যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা এর অনুকূলে আবেদনকারীকে ৫০/-(পঞ্চাশ) টাকা মূল্যমানের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান অনুসরণ করা হবে।

৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জন্ম সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

৬। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। আবেদনকারীর বয়স আগামী ২০/০২/২০২৪খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৭। চাকুরীর জন্য সরকারের নির্ধারিত কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।

৮। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত অনুলিপি ও সন্তান/নাতি/নাতনী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত করনে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১০।মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত পোষ্য সংক্রান্ত সনদপত্রের ছায়ালিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

১১। প্রার্থীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১(এক) কপি প্রত্যয়ন দাখিল করতে হবে।

১২। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫ ইঞ্চি/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত। এ বিষয়ে কোন গ্রহণ যোগ্য হবে না।
১৫। খামের উপর বড় অক্ষরে পদের নাম, ওয়ার্ডের নাম ও ওয়ার্ড নং এবং ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে।
১৬। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৭। প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
১৮। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১৯। কোন কারণবশতঃ এ বিজ্ঞপ্তির কার্যকারিতা বাতিল বা স্থগিতের সর্বসময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮/২/২৪

(মৌমিতা দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমাই, কুমিল্লা।
মোবাইল নং- ০১৭৩৩৩৫৪৯২১
e-mail: unolalmai@mopa.gov.bd
unolalmai@gmail.com

স্মারক নং-০৫.৫৪৯.০১৮.০৫.০০.০০৪.২০২৩- ২৮৭/১(২৫)

তারিখ: ০৮/০২/২০২৪ খ্রি.

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।**

১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
২। পুলিশ সুপার, কুমিল্লা।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমাই, কুমিল্লা।
৫। অফিসার ইনচার্জ, লালমাই থানা, কুমিল্লা।
৬। উপজেলা ..........................অফিসার(সকল), লালমাই, কুমিল্লা। নোটিশ বোর্ড লইকাইয়া জারীর জন্য অনুরোধ করা হলো।
৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমাই, কুমিল্লা। এ বিজ্ঞপ্তিটি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করা জন্য অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান(সকল) ......................................................................ইউনিয়ন পরিষদ, লালমাই, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদেরওয়েব পোর্টালে আপলোড করাসহ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান এবং হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

৮/২/২৪

(মৌমিতা দাশ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমাই, কুমিল্লা।